গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Email: dg@dnc.gov.bd, Website: www.dnc.gov.bd

নং-৫৮.০২.০০০০.০০৬.০৯.০৪৪.১৯.৪০৫৯

তারিখ: ১৮ ভাদ্র, ১৪২৬ / ০২ সেপ্টেম্বর, ২০১৯

বিষয় : মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের অফিসসমূহ পরিস্কার-পরিচ্ছন্ন রাখা প্রসঙ্গে।

সূত্র : স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের পত্র নম্বর-৫৮.০০.০০০০.০১৪.০৯.০১০.১৯.১৯১ তারিখ: ২০ আগস্ট, ২০১৯ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ৬ষ্ঠ বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী দেশে বিদ্যমান ডেঙ্গু পরিস্থিতিতে মোকাবেলা করার লক্ষ্যে প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ে সকল অফিসে পরিচ্ছন্নতার অভিযান পরিচালনা এবং আনসার ভিডিপিকে সম্পৃক্ত করে স্থানীয় জনগণকে নিয়ে সচেতনতামূলক কর্মসূচীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামত-০৩ (তিন) পাতা।

০২/০৯/১৯

(মোহা: জিললুর রহমান)
সহকারী পরিচালক (প্রশাসন)

অনুলিপি সদয় অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. পরিচালক (প্রশাসন/ অপারেশন্স/ চি:পু:/ নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর প্রধান কার্যালয় ,ঢাকা।
২. চীফ কনসালটেন্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
৩. প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।
৪. সিস্টেম এনালিষ্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (তাঁকে ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. অতিরিক্ত পরিচালক, গোয়েন্দা শাখা, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।
৬. অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয়, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (সকল)------------------------------ |
৭. উপ-পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর,জেলা কার্যালয়/ বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/মেট্রো উপঅঞ্চল (সকল)---
৮. উপ-পরিচালক/ সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয় (সকল)................
৯. নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর,প্রধান কার্যালয় ,ঢাকা।
১০. সিনিয়র কনসালটেন্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, রাজশাহী/খুলনা/চট্টগ্রাম।
১১. মহাপরিচালক মহোদয় এঁর ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. অতিরিক্ত মহাপরিচালক মহোদয় এঁর ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩. অফিস কপি।

গোপনীয়

বাংলাদশে জাতীয় সংসদ সচবিালয়
কমটি শাখা – ২১
www.parliament.gov.bd

বিষয়: একাদশ জাতীয় সংসদের "স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির ৬ষ্ঠ বৈঠকের কার্যবিবরণী।

তারিখ: ১ আগস্ট, ২০১৯ খ্রিষ্টাব্দ।
সময় : বৃহস্পতিবার, বিকেল ৪.৩০ ঘটিকা।
স্থান : সভাপতির কার্যালয়, ৩/১১, মন্ত্রী হোস্টেল, ২য় তলা, ঢাকা।
সভাপতি: জনাব মো: শামসুল হক টুকু (সংসদ সদস্য, ৬৮ পাবনা-১)।

বৈঠকের আলোচ্যসূচী:
(ক) ৫ম বৈঠকের কার্যবিবরণী অনুমোদন;
(খ) মুজিব বর্ষ ২০২০ উদযাপন উপলক্ষ্যে মত বিনিময় ও আলোচনা;
(গ) দেশে বিদ্যমান ডেঙ্গু পরিস্থিতিতে স্বরাষ্ট্র মন্ত্রনালয়ের করনীয় বিষয়ে আলোচনা; এবং
(ঘ) বিবিধ।

২.০ বৈঠকে কমিটির নিম্নোক্ত মাননীয় সদস্যগন উপস্থিত ছিলেন:

ক্রমিক	সদস্যবৃন্দের নাম	পদবি	নির্বাচনী এলাকা
১	জনাব মো: হাবিবুর রহমান	সদস্য	৪০ বগুড়া- ৫
২	জনাব সামছুল আলম দুদু	সদস্য	৩৪ জয়পুরহাট -১
৩	পীর ফজলুর রহমান	সদস্য	২২৭ সুনামগঞ্জ -৪
৪	জনাব সুলতান মোহাম্মদ মনসুর আহমদ	সদস্য	২৩৬ মৌলভীবাজার -২

৬.০ বৈঠকে নিম্নবর্ণিত সুপারিশ/সিদ্ধান্ত গৃহীত হয়:

৬.১ দেশে বিদ্যমান ডেঙ্গু পরিস্থিতিতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনস্ত বিভিন্ন দপ্তর, সংস্থা প্রধানগণের কার্যালয়সহ বিভিন্ন বাহিনীর প্রধান কার্যালয়সহ সকল বিভাগীয় কার্যালয়, জেলা এবং উপজেলা কার্যালয়ে পরিচ্ছন্নতার অভিযান পরিচালনা এবং আনসার ভিডিপিকে সম্পৃক্ত করে স্থানীয় জনগণকে নিয়ে সচেতনতামূলক কর্মসূচীর ব্যবস্থা গ্রহনের জন্য সুপারিশ গৃহীত হয়।

৬.২ মুজিব বর্ষ উদযাপনের নিমিত্ত বিড়াল পাখি স্টুডিও লিমিটেড এর উপস্থাপিত বিষয়গুলো অধিকতর পর্যালোচনার জন্য কমিটির পরবর্তী বৈঠকে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

৭.০ অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল মাননীয় সদস্যবৃন্দকে পবিত্র ঈদউল আযহার আগাম শুভেচ্ছা জানিয়ে বৈঠকের সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত
(মো: শামসুল হক টুকু)
সভাপতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
অগ্নি শাখা-১
www.ssd.gov.bd

ডেঙ্গু প্রতিরোধে করণীয় নির্ধারণ সংক্রান্ত সচেতনতামূলক সভার কার্যবিবরণী।

সভাপতি	:	প্রদীপ রঞ্জন চক্রবর্তী অতিরিক্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ
তারিখ	:	২৮ জুলাই ২০১৯
সময়	:	বেলা ০২.০০ টা
স্থান	:	মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে উপস্থাপন করা হলো।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কাজ আরম্ভ করেন। তিনি জানান যে, ডেঙ্গু প্রতিরোধে করণীয় নির্ধারণের বিষয়ে গত ২৪ ও ২৫ জুলাই ২০১৯ তারিখে আন্তঃমন্ত্রণালয় সভা হয়। উক্ত সভায় ডেঙ্গু প্রতিরোধ বিষয়ে প্রত্যেক অফিস প্রধান ২৮ জুলাই ২০১৯ তারিখের মধ্যে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। ঐ সিদ্ধান্ত অনুযায়ী এ সভা আহবান করা হয়েছে বলে তিনি উল্লেখ করেন।

০২। সভায় আলোচনাকালে অফিসের ওয়াশ রুম নিয়মিত ফ্লাশ করা, অফিস ত্যাগের প্রাক্কালে বালতি/মগ ইত্যাদি উল্টো করে রেখে যাওয়া, কোথাও পানি জমতে না দেওয়া, ময়লার বালতি নিয়মিত পরিস্কার করা ইত্যাদি বিষয়ে সিদ্ধান্ত হয়। আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রধানগণও এ জাতীয় সভা আয়োজন করবেন মর্মে সভায় একমত পোষণ করা হয়।

০৩। সভা চলাকালে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এর প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সাথে ফোনে আলোচনা হয়। তিনি জানিয়েছেন, আগামী ২৯ জুলাই ২০১৯ তারিখে বেলা ০৩.০০ টার সময়ে সিটি কর্পোরেশন কর্তৃক বাংলাদেশ সচিবালয়ে মশক বিরোধী কার্যক্রম পরিচালনা করা হবে।

০৪। সভার পরে জননিরাপত্তা বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) জনাব রুহী রহমানসহ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের (ভবন নং ০৮) ভবন সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে দক্ষিণ-পূর্ব ওয়াচ টাওয়ারের ছাদে পানি জমে আছে দেখা যায়। ভবনের সামনে দক্ষিণ-পূর্ব কর্ণারে পিডব্লিউডি কর্তৃক খুঁড়ে রাখা গর্তে জমা পানি দেখা গেল। জমা পানিতে প্লাস্টিকের খালি বোতল, নষ্ট ইলেকট্রিক ক্যাটলি পাওয়া গেল। ঐ কর্ণারে ভবনের উপরের দিকের ফ্লোর হতে ময়লা আবর্জনা ও নোংরা পানি ফেলা হয়। ফলে ঐ কর্ণারটি খুবই অপরিচ্ছন্ন দেখা গেল। নীচতলার মসজিদের ওযুখানার পরিবেশ ভালো নয়। ০২টি পুরানো বালতিতে ময়লার স্তুপ দেখা গেল। বালতি ০২টিও নোংরা।

০৫। উক্ত বিষয়ে অবিলম্বে পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে সরেজমিনে অনুরোধ জানানো হয়।

স্বাক্ষরিত/-
(প্রদীপ রঞ্জন চক্রবর্তী)
অতিরিক্ত সচিব (অগ্নি)

স্মারক নং-৫৮.০০.০০০০.০৫২.৫৭.০০১.১৮-৪৭৬

তারিখ : ১৩ শ্রাবণ ১৪২৬ / ২৮ জুলাই ২০১৯

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে):

০১। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন, ঢাকা।
০৪। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৫। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
০৬। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
০৭। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

২৮ জুলাই ২০১৯

(প্রদীপ রঞ্জন চক্রবর্তী)
অতিরিক্ত সচিব (অগ্নি)